

নং - ১৮২

তারিখ : ২৪/০৬/২০১৮

বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের নির্ধারিত সময়ের মধ্যে কলেজ হতে ভর্তির রশিদ সংগ্রহ করে সাউথ ইস্ট ব্যাংক লিঃ, বাংলাদেশ ব্যাংক মোড়, রংপুর শাখায় ভর্তি ফি জমা দিতে হবে এবং রংপুর সরকারি কলেজের নিজস্ব ওয়েব সাইট এর হোম পেজ থেকে (www.rgc.gov.bd) অথবা Facebook পেজ (রংপুর সরকারি কলেজ) থেকে নিজ নিজ শাখার একাদশ শ্রেণির ভর্তি ফরম ও তথ্য ফরম DOWNLOAD করতে হবে এবং তাহা পূরণ করে নিম্নবর্ণিত কাগজপত্রসহ কলেজে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে উপরোক্ত কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তি জনিত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির ফিস ও ফরম জমা দেয়ার তারিখ	২৭/০৬/২০১৮ হতে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত
ভর্তির ফরম জমা দেয়ার সময় ও স্থান	ভর্তির দিনগুলোতে সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.৩০টা পর্যন্ত কলেজের ১ম ভবনের ১০০ নং কক্ষে।

ভর্তি ফি-এর পরিমাণঃ

বিজ্ঞান ও মানবিক :

ছাত্র : ২৫২৯/- টাকা

ছাত্রী : ২২৮৯/- টাকা

ব্যবসায় শিক্ষা শাখা :

ছাত্রঃ ২৪২৯/- টাকা

ছাত্রীঃ ২১৮৯/- টাকা

পাঠ বিরতি ফি : যারা ২০১৭ সালের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করেছে তাদের নির্ধারিত ফি এর সাথে পাঠবিরতি ফি ১০০/- টাকা কলেজ হতে সংগৃহীত রশিদের মাধ্যমে ব্যাংকে জমা দিতে হবে।

ভর্তির সময় ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবেঃ

১। এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (২কপি ফটোকপিসহ)।

২। এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল প্রশংসা পত্র (০২ কপি ফটোকপিসহ)।

৩। সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট ও ০২ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি।

৪। i) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্রের মূলকপি দেখাতে হবে ও ০২ কপি সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে এবং মুক্তিযোদ্ধার নাতি-নাতনির ক্ষেত্রে প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা নোটারি পাবলিক কর্তৃক প্রমাণপত্রের মূল কপি দেখাতে হবে ০২ কপি সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

ii) শিক্ষা মন্ত্রণালয় এর অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে তাদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

iii) বি.কে.এস.পি ও প্রবাসী কোটার ক্ষেত্রে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৫। পাঠ বিরতি থাকলে পাঠ বিরতির প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।



অধ্যক্ষ

রংপুর সরকারি কলেজ

রংপুর